# শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে প্রধান উপদেষ্টার কাছে স্মারকলিপি

■ ইত্তেফাক রিপোর্ট

নন এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বরাবর স্মারকলিপি জমা দিয়েছেন নন এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা। গতকাল বেলা সাড়ে ১১টায় আট সদস্যের শিক্ষক প্রতিনিধি দল স্মারকলিপি জমা দেয়। স্মারকলিপিতে বলা হয়, নন এমপিও (বেতন বিহীন) প্রতিষ্ঠানগুলো দীর্ঘ প্রায় দুই দশক বা তারও বেশি সময় বেতনহীন অবস্থায় থাকায় মানবিক বিপর্যয়ের সৃষ্টি হয়েছে। এসব প্রতিষ্ঠান বেতনভুক্ত করা রাষ্ট্রের অন্যতম দায়িত্ব হওয়া উচিত। বর্তমান সরকারকে সমর্থন করে গত ১ ডিসেম্বর জাতীয় প্রেস ক্লাবে আনুষ্ঠানিভাবে সংবাদ সম্মেলনের মাধ্যমে সংহতি জানানো হয়েছে। গত ছয় মাসের ভেতর কোনো কর্মসূচি দিয়ে সরকারকে বিব্রত করা হয়নি।

গত ২৫ সেপ্টেম্বার শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে দেশের সব জেলাপ্রশাসক ও বিভাগীয় কমিশনারের মাধ্যমে আপনার বরাবরে দেশের নন এমপিও শিক্ষকরা স্মারকলিপি প্রদান করলে আপনার দপ্তর থেকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিবকে পত্র পাঠানো হয়। কিন্তু অতীব দুঃখের বিষয় শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে কোনো পদক্ষেপ নেয়নি। এতে আরো বলা হয়, 'সব প্রচেষ্টার পরেও কোনো ফল না পাওয়ায় আমরা সারা দেশের নন এমপিও শিক্ষকরা গত ২৩ ফেব্রুয়ারি থেকে এমপিওর দাবিতে জাতীয় প্রেস ক্লাবের সামনে শান্তিপূর্ণভাবে লাগাতার অবস্থান কর্মসূচি শুরু করি। এরপরও শিক্ষা মন্ত্রণালয় কোনো উদ্যোগ না নেওয়ায় আপনার কাছে আমাদের এক দাবি দেশের সব নন এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভূক্ত করার জোর দাবি জানাচ্ছি।'